৮।১০।

দৈনিক বাংলা

তারিখ ... 29 SEP 1992 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

(৪২)

### একযুগ পর কোন সরকার প্রধানের আগমন

# ঢাকা ভার্সিটির পদক বিতরণ অনুষ্ঠানের ব্যাপক প্রস্তুতি

**স্টাফ রিপোর্টার :** প্রায় একযুগ পর একজন সরকার প্রধান আবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন। সরকার প্রধান হিসাবে প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বাধীতার পর প্রথম ঢাকা বিশ্ববিদ্যালয়ে যান। তিনি বিশ্ববিদ্যালয়ের দু'টি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। এবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পয়লা অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়েযাচ্ছেন।তিনিবিশ্ববিদ্যালয়ের পদক বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন।

দির্ঘদিন যাবৎ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এসব পদক জমে ছিল। ক্যাম্পাসে অনুকূল পরিবেশ না থাকায় কর্তৃপক্ষ পদক বিতরণের জন্য ব্যাপকভিত্তিক কোন অনুষ্ঠানের আয়োজন করতে পারেননি। সম্প্রতি ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বিরাজ করার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদক বিতরণের সিদ্ধান্ত নেন।

বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় এ মর্যাদাপূর্ণ অনুষ্ঠানে প্রধান অতিথি হতে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত নেয়া হয়। সিন্ডিকেটের অনুরোধের পরিপ্রেক্ষিতে বেগম জিয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হওয়ার সম্মতি দেন। উল্লেখ্য, ঐতিহ্যগতভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বড় ধরনের কোন অনুষ্ঠানে গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকার প্রধানকেই আমন্ত্রণ জানানো হয়। স্বৈরাচারী এরশাদকে বিশ্ববিদ্যালয়ের কোন অনুষ্ঠানে কখনও আমন্ত্রণ জানানো হয়নি।

এদিকে পদক বিতরণ অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। যে সকল কৃতী ছাত্রছাত্রী এবং গবেষক পদক গ্রহণ করবেন, অনুষ্ঠানকে কেন্দ্র করে তাদের মাঝে ব্যাপক আগ্রহ ও উৎসাহ সৃষ্টি হয়েছে। অনুষ্ঠানটি বর্ণাঢ্য করার জন্য প্রস্তুতি চলছে। এ উপলক্ষে একটি স্মরণিকাও প্রকাশিত হবে।

জানা গেছে, ৬৬টি পদক আনুষ্ঠানিকভাবে প্রদান করা হবে। পদকগুলোর মধ্যে চ্যান্সেলরের তিনটি পদকসহ ৬৪টিই স্বর্ণপদক। পদক বিজয়ী ছাত্রছাত্রীদের প্রায় সকলেই ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পাস করে গেছেন। বিভিন্ন পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফল, গবেষণা, সাংস্কৃতিক কর্মকাণ্ড ইত্যাদির জন্য কৃতী

(৪-এর পৃঃ দ্রঃ)

## ব্যাপক প্রস্তুতি

(প্রথম পৃষ্ঠার পর)

শিক্ষার্থী এবং গবেষকদের এসব পদক প্রদান করা হচ্ছে। অনুষ্ঠানে পদক প্রদানকারী ফাউন্ডেশন ও ট্রাস্ট ফান্ডের প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হবে।

স্থান সংকুলানের অভাবে পদক বিতরণ অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের অংশগ্রহণ থাকছে না। এ ব্যাপারে জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম মনিরুজ্জামান মিঞা বলেন, বিশ্ববিদ্যালয়ের বর্তমান সকল ছাত্রছাত্রী এবং প্রাক্তন ছাত্রছাত্রীদের জন্য 'বিশ্ববিদ্যালয় দিবস' অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। আগামী ডিসেম্বর অথবা জানুয়ারি মাসে এ অনুষ্ঠান হবে বলে তিনি জানান।

যেসব স্বর্ণপদক দেয়া হবে : চ্যান্সেলরের স্বর্ণপদক ৩টি, নাজমুল করিম স্মারক স্বর্ণপদক ৫টি, সালেকুন্নেসা স্বর্ণপদক ৬টি, বদরুন্নেসা স্বর্ণপদক ৬টি, স্কয়ার ফার্মা ফাউন্ডেশন স্বর্ণপদক ৪টি, কেডিএইচ ল্যাব ফাউন্ডেশন স্বর্ণপদক ৩টি, রোন পোলেনক ফাউন্ডেশন স্বর্ণপদক ৫টি, ইব্রাহিম স্মারক স্বর্ণপদক ৯টি, ঢাকা বিশ্ববিদ্যালয় পদক ৩টি, নূরুন্নেসা খাতুন বিদ্যা বিনোদিণী স্বর্ণপদক ৩টি, আবদুর রব চৌধুরী স্বর্ণপদক ৪টি, হরিপ্রসন্ন রায় স্বর্ণপদক ৩টি, প্রফেসর এম ইউ আহমদ স্বর্ণপদক ১টি, আবুল মনসুর স্মৃতি স্বর্ণপদক ১টি, মসউদ খান স্বর্ণপদক ১টি এবং মসউদ খান ট্রাস্টের দিলনশীন খানম স্বর্ণপদক ১টি।